

- ৪০ -

**জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়নের লক্ষ্যে বিস্ফোরক
পরিদপ্তরে গঠিত নৈতিকতা কমিটির ১২/১১/২০২০ তারিখে অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী।**

সভাপতি : প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ।
সভার তারিখ ও সময় : ১২/১১/২০২০ খ্রি:, বেলা ০৩:০০ ঘটিকা।
সভার স্থান : প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কক্ষ।
সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচা/রীগণের তালিকা: পরিশিষ্ট- 'ক'।

১। আলোচনা:

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। নৈতিকতা কমিটির সদস্য সচিব বিস্ফোরক পরিদপ্তরের জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ এর ২য় কোয়ার্টারে (অক্টোবর-ডিসেম্বর/২০২০) বাস্তবায়নযোগ্য কার্যক্রমের তালিকা উপস্থাপন করেন। সভাপতি মহোদয় ১ম সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি জানতে চাইলে সদস্য সচিব সভায় অবহিত করেন যে, ১ম সভার সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা হয়েছে। অতঃপর নিম্নোক্ত কার্যক্রম সম্পন্নের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়:

২। **ওয়েবসাইটে তথ্য অধিকার সেবা বক্স ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ:** জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ মোতাবেক ২য় কোয়ার্টারে ০১/১১/২০২০ তারিখের মধ্যে ওয়েবসাইটে তথ্য অধিকার সেবা বক্স ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণের জন্য নির্ধারিত থাকায় উক্ত তারিখে তথ্য অধিকার সেবা বক্স ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদ করা প্রয়োজন।

৩। **ফায়ার ফাইটিং মহড়া আয়োজন:** জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ অনুযায়ী ২য় কোয়ার্টারে ০১/১১/২০২০ তারিখে ফায়ার ফাইটিং মহড়া আয়োজনের বিষয় নির্ধারিত আছে। উক্ত নির্ধারিত তারিখে ফায়ার ফাইটিং মহড়া আয়োজন করা প্রয়োজন।

৪। **গাড়ির জ্বালানি ব্যবহারের সঠিক পর্যবেক্ষণ:** গাড়ির জ্বালানি সঠিকভাবে ব্যবহার করা হয় কী না তা সঠিকভাবে পর্যবেক্ষণ করতে হবে। সদস্য সচিব সভায় অবহিত করেন যে, গাড়ির জ্বালানি ব্যবহারের সঠিক পর্যবেক্ষণ করা হয়।

সিদ্ধান্ত:

- (ক) নির্ধারিত তারিখের মধ্যে ওয়েবসাইটে তথ্য অধিকার সেবা বক্স ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদ করতে হবে।
- (খ) ফায়ার ফাইটিং মহড়া আয়োজন করতে হবে।
- (গ) গাড়ির জ্বালানি ব্যবহারে নিয়মিত ও সঠিকভাবে পর্যবেক্ষণ করতে হবে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



১২/১১/২০২০
(দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী)
উপসচিব
প্রধান বিস্ফোরক পরিদর্শক (অ.দা.)
টেলিফোন: ৯৩৪৫২৫৮
e-mail: dhaka@explosives.gov.bd